

DD(ATM)
28/02/2022

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
প্রশাসন বিভাগ, শৃঙ্খলা শাখা
www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২২১.৬১.৪৮৮.১৫. ৪৩১৪

তারিখ: ২৬-১১-২০২২ খ্রিঃ।

বিষয়: দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পদায়িত ও সেমসুতে সংযুক্তিকৃত আপনি জনাব মোঃ বেলায়েত হোসেন মানিক (পিতা-মোঃ আতাহার উদ্দিন তালুকদার), সশস্ত্র নিরাপত্তা প্রহরি গত ৩১/০৩/২০২২ তারিখ হতে কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্তব্য হতে অনুপস্থিত আছেন এবং এ অনুপস্থিতির কারণে আপনার বেতন-ভাতাদি বন্ধ রাখা হয়;

২.০ যেহেতু, গত ৩১/০৩/২০২২ তারিখ হতে আপনার এ অনুপস্থিতি ৬০ (ষাট) দিন অতিক্রান্ত হয়েছে এবং আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উপর্যুক্ত অপরাধে আপনার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.৬১.৪৮৮.১৫.৬৮০ তারিখ: ১৭/০৬/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৮/২০২২ বুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয় এবং কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রচার করা হয়;

৩.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ আপনি সশরীরে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৪.০ যেহেতু, আপনি গত ২৮/০৬/২০২২ তারিখ সশরীরে উপস্থিত হয়ে বিভাগীয় মামলার জবাব দাখিল করতঃ শারীরিক অসুস্থতার কথা উল্লেখ করেন এবং উক্ত জবাব বিভাগীয় মামলার শুনানি হিসেবে গ্রহণের জন্যও অনুরোধ জানান;

৫.০ যেহেতু, আপনার জবাব সন্তোষজনক নয় এবং শারীরিক অসুস্থতার অসঙ্গতির জনশ্রুতি থাকার ও এটি সন্দেহজনক হিসেবে প্রতীয়মান হওয়ায় বিষয়টি অধিকতর তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৬.০ যেহেতু, আপনার অনুপস্থিতির বিষয়টি সত্য মর্মে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে;

৭.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী বেবিচক আপনাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনাকে কর্তৃপক্ষের 'চাকরি হতে বরখাস্তকরণ' দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে প্রবিধানমালা, ২০২১ এর ৫৩(৬) প্রবিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব মোঃ বেলায়েত হোসেন মানিক
পিতা-মোঃ আতাহার উদ্দিন তালুকদার
সশস্ত্র নিরাপত্তা প্রহরি, সংযুক্তি-সেমসু, বেবিচক (মাধ্যম: নির্বাহী পরিচালক)।
বর্তমান ঠিকানা: বাসা নং-জি-৩/৬, সিএএবি আ/এ, কাওলা, কুর্মিটোলা, ঢাকা।
স্থায়ী ঠিকানা: গ্রাম-বোতলবুনিয়া, পোস্ট-বোতলবুনিয়া, থানা ও জেলা-পটুয়াখালী।

মোঃ মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
☎ ৮৯০১০৬৮

বিতরণ:

- ১। সদস্য (নিরাপত্তা), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ৩। নির্বাহী পরিচালক (সেমসু), কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।
- ৪। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ৬। সহকারী নিরাপত্তা কর্মকর্তা, নিরাপত্তা শাখা, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।